

## দরপত্র বিজ্ঞপ্তি

নং-২২.০০.০০০০.০৫৩.৩১.১৩০.২০১৪(১)

তারিখ : ২৩/০৯/২০১৫ খ্রিঃ


কাজের নামঃ পরিবেশ ও বন মন্ত্রণালয়ের জন্য বাৎসরিক ভিত্তিতে দ্রব্যাদি/সেবা ক্রয়।

পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সেবা খাতে ২০১৫-১৬ অর্থ বছরের জন্য ফ্রেমওয়ার্ক চুক্তি পদ্ধতিতে বিভিন্ন প্রকার অফিস স্টেশনারী/অফিস সামগ্রী/কম্পিউটার সরঞ্জামাদি/টোনার/সেবা ক্রয়ের লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/ সরবরাহকারী/স্থানীয় এজেন্ট/ডিলার এর নিকট থেকে ক" ও খ" দুইটি গ্রুপে সীলমোহরকৃত পৃথক খামে বাৎসরিক দরপত্র আহবান করা যাচ্ছে। শর্তাবলী সম্বলিত বিস্তারিত সিডিউল আগামী ০৮/১০/১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের প্রশাসন শাখা-৩ হতে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যে ক্রয় করা যাবে। আগামী ১৫/১০/১৫ খ্রিঃ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত কক্ষ নং-১৩০২ ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয় প্রশাসন শাখা-৩ এ রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। প্রাপ্ত দরপত্র সমূহ আগামী ১৫/১০/১৫ খ্রিঃ তারিখ বেলা ২.৩০ ঘটিকায় উপস্থিত দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

### শর্তাবলীঃ

- ১। দরপত্রদাতার ব্যবসা সংক্রান্ত ট্রেড লাইসেন্সের কপি দাখিল করতে হবে।
- ২। দরপত্রদাতার টি,আই,এন ও ভ্যাট রেজিস্ট্রেশনের কপি দাখিল করতে হবে।
- ৩। দরপত্রদাতার ব্যাংক/আর্থিক সচ্ছলতার সনদ পত্রের কপি দাখিল করতে হবে।
- ৪। সিডিউলে বর্ণিত আইটেমের দর উল্লেখ করতে হবে। কোন আইটেমের দর উদ্ধৃত করা না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। কোন কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
- ৫। দরদাতা ০১(এক)টি দরপত্র দিলে একটির বেশি/বিকল্প দর প্রদান করতে পারবেন না। বিকল্প দর দাখিল করতে হলে পৃথক দরপত্র সিডিউল ক্রয় ও পৃথক জামানত জমা দিতে হবে। দরপত্রের সাথে সিডিউল ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করতে হবে।
- ৬। কৃতকার্য দরদাতাকে কমপক্ষে ০১(এক) বছরের জন্য কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত দরে বিভিন্ন মালামাল চাহিবা মাত্র নিজ খরচে সরবরাহ করতে হবে।
- ৭। প্রয়োজন অনুযায়ী ধাপে ধাপে মালামাল গ্রহণ করা হবে। চাহিদার মধ্যে যে পরিমাণ মালামাল গ্রহণ করা হবে (চাহিদার কম বা বেশি) সে অনুযায়ী বিল পরিশোধ করা হবে।
- ৮। চাহিত আইটেম সমূহ নমুনা অনুযায়ী সরবরাহ করতে হবে (প্রয়োজ্য ক্ষেত্রে) এবং এতদসংক্রান্ত যে কোন তথ্যের জন্য সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-৩, পরিবেশ ও বন মন্ত্রণালয় এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
- ৯। কার্যদেশে প্রদত্ত সময়সীমার মধ্যে অর্ডারকৃত মালামাল নির্ধারিত মান/স্পেসিফিকেশন/নমুনা অনুযায়ী সরবরাহ করতে ব্যর্থ হলে প্রদত্ত কার্যদেশ বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত পারফরমেন্স সিকিউরিটি মানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।
- ১০। দরপত্র জামানাত হিসাবে ১০,০০০/- (দশ হাজার) টাকা সমমূল্যের বাংলাদেশ ব্যাংক বা যেকোন তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ডিডিও, পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অনুকূলে প্রদান করে দরপত্রের সাথে দাখিল করতে হবে।
- ১১। কার্যদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যদেশ পাওয়ার ০৩(তিন)দিনের মধ্যে পিপিয়ার ২০০৮ অনুযায়ী কর্তৃপক্ষ নির্ধারিতহারে নিরাপত্তা জামানত পে-অর্ডার/ব্যাংকড্রাফট (ফেরতযোগ্য) যে কোন তফসিলি ব্যাংক হতে ডিডিও, পরিবেশ ও বন মন্ত্রণালয়ের বরাবরে কার্য সম্পাদন জামানত হিসেবে দাখিল করতে হবে এবং ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প চুক্তি স্বাক্ষর করতে হবে।
- ১২। বর্তমান অর্থ বছরে যে কোন কারণে বিল পরিশোধ করা সম্ভব না হলে পরবর্তী অর্থ বছরে বিল পরিশোধ করা হবে।
- ১৩। মালামাল সরবরাহের ১ (এক) বছরের মধ্যে নিরাপত্তা জামানত ফেরৎ দেয়া হবে না। এ সময়ে সন্তোষজনক সার্ভিস পাওয়া সাপেক্ষে উক্ত জামানত ফেরৎ দেয়া হবে।
- ১৪। কম্পিউটারের মালামালের ক্ষেত্রে মূল ব্রসিউর দাখিল করতে হবে।

- ১৫। প্রতিটি আইটেমে সরকার নির্ধারিত হারে ভ্যাট ও অন্যান্য কর পরিশোধ করতে হবে।
- ১৬। সকল মালামালের ওয়ারান্টি/গ্যারান্টি (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।
- ১৭। চুক্তিপত্র স্বাক্ষরের পর দরপত্রে উল্লিখিত দ্রব্য/সেবার উপর যদি সরকার কর্তৃক কোন প্রকার করধার্য হয় অথবা উল্লিখিত দ্রব্যের মূল্য বৃদ্ধি পায় তবে তা ঠিকাদার বহণ করতে বাধ্য থাকবেন।
- ১৮। ঠিকাদার মালামাল/সেবা সরবরাহের জন্য অন্য কাউকে সাব কন্ট্রাক্টর নিযুক্ত করতে পারবেন না।
- ১৯। সরবরাহকৃত মালামাল বিশেষজ্ঞ কর্তৃক পরীক্ষা করতে হলে ঐ বাবদ ব্যয় এবং পরীক্ষার ফলে মালামালের সম্পূর্ণ বা আংশিক ক্ষতি হলে তা সরবরাহকারীকে বহণ করতে হবে।
- ২০। কোন পণ্যের সাধারণ/উন্নত মান বলতে ঐ পণ্যের বাজারে প্রচলিত/স্বীকৃত সাধারণ/উন্নত মানকে বুঝাবে। এ ক্ষেত্রে ঠিকাদার কর্তৃক প্রদত্ত দর দ্বারা পণ্যের মান নির্ধারিত হবে না।
- ২১। ফটোকপি/কম্পিউটার/প্রিন্টারের টোনারসমূহ দরপত্র বিজ্ঞপ্তি/সিডিউলে উল্লিখিত ব্র্যান্ডের বাংলাদেশী ডিলার সমূহের নিকট হতে ক্রয়ের দালিলিক প্রমাণ দাখিল করতে হবে।
- ২২। দরপত্রের সাথে সকল সনদ/রেজিস্ট্রেশনের হালনাগাদ ও সত্যায়িত কপি দাখিল করতে হবে। কার্যাদেশ গ্রহণের সময়, আয়কর ও ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্রের মূলকপি দেখাতে হবে। অন্যথায় কার্যাদেশ দেয়া হবে না এবং দরপত্র জামানত বাতিল করা হবে।
- ২৩। দরপত্র দলিলের বিষয়ে যাবতীয় তথ্যাবলি অফিস চলাকালীন সময়ে প্রশাসন শাখা-৩ হতে জানা যাবে। বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.moef.gov.bd](http://www.moef.gov.bd)) পাওয়া যাবে।
- ২৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

  
 (মো: সাজ্জাদ হোসেন জুএগা)  
 সিনিয়র সহকারী সচিব  
 ফোন: ৯৫৫১৫১২